গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০৪.০০০০.১১৬.১৩০.১৮- ৩৮

তারিখ: ১১ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়: : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জাতীয় শুদ্ধাচর কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি'র ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

সভার তারিখ : ২৪ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ; মঙ্গলবার; সকাল: ১০.৩০ মিনিট।

স্থান : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১৫)।

সভাপতি : **নাসরীন আফরোজ, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।**

সভার উপস্থিতি : পরিশিষ্ট **'ক'**।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ নৈতিকতা কমিটির বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এরপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:**<br>বিগত ২০ অক্টোবর ২০১৯ খ্রি, তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা যেতে পারে। | ২০ অক্টোবর ২০১৯ খ্রি, তারিখের সভার কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপ-পরিচালক (উপসচিব) |
| ২.২ | **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তাবয়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৯-২০ এর কার্যক্রম ও অগ্রগতি নিয়ে আলোচনা:**<br>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তাবয়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০ এর ৬ মাসের (জুলাই-ডিসেম্বর ২০১৯) সম্পাদিত অগ্রগতি ও কার্যক্রমের তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করে আরো অবহিত করেন যে, কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে ট্রাস্টের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দে অভ্যন্তরীণ প্রশিক্ষণ সম্পন্ন হয় এবং অংশীজনের অংশগ্রহণে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক' প্রশিক্ষণ কর্মশালা জানুয়ারি ২০২০ মাসের মধ্যে আয়োজন করা যেতে পারে।<br>সহকারী পরিচালক (উপবৃত্তি) সভাকে বলেন, অংশীজনের অংশগ্রহণে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হলে ট্রাস্টের পরিচিতিবৃদ্ধিসহ এর উপবৃত্তি, আর্থিক সহায়তা ও আর্থিক অনুদান প্রদান কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠিত হবে।<br>আলোচনায় অংশগ্রহণ করে উপ-পরিচালক (উপসচিব) ট্রাস্টের উপবৃত্তি, আর্থিক সহায়তা ও আর্থিক অনুদান প্রদান কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক একটি কর্মশালা আয়োজনের উপর গুরুত্বারোপ করেন।<br>সভাপতি উপস্থিত সকলের আলোচনার পরিপ্রেক্ষিতে ট্রাস্টের বিগত সভার গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। কর্মকর্তা-কর্মচারীদের স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য নৈতিকতার সাথে সম্পাদনে তিনি অধিক গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন যে, অফিসের কার্যক্রমে শুদ্ধাচার প্রতিষ্ঠাসহ কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার/কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | জানুয়ারি ২০২০ খ্রি. মাসের মধ্যে অংশীজনের অংশগ্রহণে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক' প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হবে। | উপ-পরিচালক (উপসচিব) এবং সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন) |
| ২.৩ | **বিবিধ:**<br>সদস্য-সচিব সভায় আরো অবহিত করেন যে, ২০১৯-২০ অর্থবছরের প্রণয়নকৃত সিটিজেন্স চার্টার আপডেট করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে যা, অফিসের নির্ধারিত স্থানে স্থাপন করা যেতে পারে।<br>সভাপতি ট্রাস্টের কাজের অগ্রগতিতে পুনরায় সন্তোষ পোষণ করে সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব ও কর্তব্য পালনের উপর গুরুত্বারোপ করেন। | সিটিজেন্স চার্টার বোর্ড জানুয়ারি ২০২০ মাসের মধ্যে স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন) |

৩.০ সভাপতি বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। কোন আলোচনা না থাকায় উপস্থিতির জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.১২.১৯

(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ফোন: ০২-৫৫০০০৪২৫
e-mail: md@pmeat.gov.bd

**বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক (উপসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
২। সহকারী পরিচালক (উপবৃত্তি/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৫। ব্যক্তিগত সহকারী (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৬। অফিস সহারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৭। ডাটা এন্ট্রি অপারেটর/কন্ট্রোল অপারেটর (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

নং-৩৭.২৪.০৪.০০০০.১১৬.১৩০.১৮-৩৮(৭)/৫

তারিখ: ১১ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপ-সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৫। অফিস কপি।

২৬/১২/১৯

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ০২-৯১২২৫২৪
e-mail: ad.planning@ pmeat.gov.bd